



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- বিবিধ/কলেজ/২০২০/২৭৯১

তারিখ: ২৩/০২/২০২৬

জরুরি বিজ্ঞপ্তি:

বিষয়: ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মূল রেজিস্ট্রেশন কার্ড বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২৫ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মূল রেজিস্ট্রেশন কার্ড নিম্নলিখিত তালিকা অনুযায়ী বিতরণ করা হবে। অত্র বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের জন্য আবেদনপত্রসহ কলেজ শাখা হতে নিজ নিজ প্রতিষ্ঠানের মূল রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিতরণ তালিকা:

জেলার নাম	বিতরণের তারিখ
ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ ও মানিকগঞ্জ টাংগাইল, নরসিংদী, কিশোরগঞ্জ, শরীয়তপুর, নারায়নগঞ্জ, গাজীপুর, মুন্সিগঞ্জ, মাদারীপুর ও ঢাকা জেলা	২৫/০২/২০২৬ থেকে ২৬/০২/২০২৬
ঢাকা মহানগরী	০১/০৩/২০২৬

বি: দ্র: যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ভারপ্রাপ্ত অধ্যক্ষ/প্রধান শিক্ষক আছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের মূল রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের আবেদনপত্রে গভর্ণিং বডি'র সভাপতির স্বাক্ষর ও সীলসহ প্রত্যয়ন থাকতে হবে। রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের আবেদনপত্রের সাথে প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি/সর্বশেষ স্বীকৃতিপত্র সংযুক্ত করতে হবে।

উল্লেখ্য, বিতরণকৃত রেজিস্ট্রেশন কার্ডে (বিষয়, গ্রুপ বা ছবিতে) ভুল থাকলে সংশোধনের জন্য মূল রেজিস্ট্রেশন কার্ডসহ আবেদন (ছবি সংশোধনের ক্ষেত্রে শিক্ষার্থীর সিডিতে জেপিইজি ফরম্যাটে) আগামী ৩০/০৪/২০২৬ তারিখের মধ্যে কলেজ শাখার কক্ষ নং ৪১০ এ জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

২৩/০২/২০২৬

প্রফেসর মুনসীর হুমায়ুন কবির

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৫৮৬১২৪৭৬